গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬ আব্দুল গণিরোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩০.২১.০০২.১৩. ৩৮(৩২)

তারিখঃ ১৭/০৪/২০১৯ খ্রি.

বিষয়ঃ যথাসময়ে গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরকরণ সংক্রান্ত নির্দেশনা।

সূত্রঃ ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ জানুয়ারি ২০১৯ তারিখের ০৬ নং স্মারক।
খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩ মার্চ ২০১৮ তারিখের ১৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিবেচ্য পত্রসমূহের ছায়ালিপি সদয় অবগতি ও বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত নির্দেশনা অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রতিপালনে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক ০২ পাতা।

১৭/০৪/১৯

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন: ৯৫৬১২০৯
dd.est@dgfood.gov.bd

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

০১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৩। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৪। প্রধান মিলার, পোস্তগোলা, আধুনিক সরকারী ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।
০৫। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৬। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট। (তাঁর অধীনস্থ সকল স্থাপনায় আবশ্যিকভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)
০৮। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
০৯। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া/সান্তাহার, বগুড়া/স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট।
১০। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। অফিস/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬- ০৬

২৪ পৌষ, ১৪২৫
তারিখঃ......................
০৭ জানুয়ারি, ২০১৯

বিষয়: যথাসময়ে গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরকরণ সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গ্রেড/শ্রেণি নির্বিশেষে সকল কর্মকর্তা-কর্মচারির জন্য বিদ্যমান গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালা অনুসরণ করা জরুরি। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর এবং প্রতিস্বাক্ষর করার ক্ষেত্রে অনুশাসনমালার বিধানসমূহ অনুসরণ করা হচ্ছে না। ফলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারি ক্ষতিগ্রস্ত হচ্ছেন, যা কাম্য নয়। এমতাবস্থায় নিম্নবর্ণিত গুরুত্বপূর্ণ বিষয়সহ গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালা যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১. গোপনীয় অনুবেদন ৩১ জানুয়ারির মধ্যে দাখিল, ২৮ ফেব্রুয়ারির মধ্যে অনুস্বাক্ষর ও ৩১ মার্চের মধ্যে প্রতিস্বাক্ষরসহ ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে পৌঁছাতে হবে। যৌক্তিক কারণ সাপেক্ষে দাখিলের বিলম্বিত সময় ৩১ মার্চ, অনুস্বাক্ষরের জন্য বিলম্বিত সময় ৩০ এপ্রিল, প্রতিস্বাক্ষরের জন্য বিলম্বিত সময় ৩১ মে। বিলম্বিত সময়ের পরে দাখিলকৃত, অনুস্বাক্ষরিত, প্রতিস্বাক্ষরিত ও ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে প্রাপ্ত গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২. বুনিয়াদি ও বিভাগীয় প্রশিক্ষণ, মাতৃত্বজনিত ছুটি, কর্মস্থলে বা অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারীর নিয়ন্ত্রণে কর্মকাল ০৩ মাসের কম ইত্যাদি কারণে গোপনীয় অনুবেদন প্রযোজ্য না হলে বিষয়টি সংশ্লিষ্ট ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষকে যথাসময়ে লিখিতভাবে অবহিত করতে হবে।

৩. বিরূপ মন্তব্য প্রদানের পূর্বে বিরূপ মন্তব্য প্রদানকারী কর্মকর্তা কর্তৃক গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালা যথাযথভাবে অনুসরণপূর্বক অনুবেদনাধীন কর্মকর্তাকে অবশ্যই মৌখিক ও লিখিতভাবে সতর্ক করতে হবে এবং সংশ্লিষ্ট ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষকে অনুলিপি প্রেরণপূর্বক অবহিত করতে হবে। বিধি মোতাবেক এরূপ পত্র জারি নিশ্চিত করতে হবে।

০৭.০১.১৯

শেলিনা খানম
উপসচিব
ফোন- ৯৫৫০৩৯৩
cr3@mopa.gov.bd


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
(সদয় অবগতি, প্রয়োজনীয় কার্যক্রম ও অধীনস্থ/সংশ্লিষ্ট সকল দপ্তরকে অবহিত করার বিনীত অনুরোধসহ)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,.......................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেক্টর, বিপিএটিসি, সাভার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার,.................................................বিভাগ।
৫. মহাপরিচালক,..................................................................................।
৬. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।

২৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬- ১৬

২৯ ফাল্গুন, ১৪২৪
তারিখঃ.......................
১৩ মার্চ, ২০১৮

পরিপত্র

বিষয়: সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য বিদ্যমান গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালায় কতিপয় পরিবর্তন।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শ্রেণি নির্বিশেষে সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য বিদ্যমান গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালায় নিম্নরূপ সংশোধন/পরিবর্তন করা হলো:

১. গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরসহ ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে পৌঁছানোর জন্য বিলম্বিত সময় ১ বছরের পরিবর্তে ৩ মাস নির্ধারণ করা হলো। অর্থাৎ অনুবেদনাধীন কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ৩১ জানুয়ারি এবং বিলম্বিত সময় ৩১ মার্চ, অনুবেদনকারী কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ২৮ বা ২৯ ফেব্রুয়ারি এবং বিলম্বিত সময় ৩০ এপ্রিল, প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ৩১ মার্চ এবং বিলম্বিত সময় ৩১ মে। বিলম্বিত সময়ের পরে দাখিলকৃত, অনুস্বাক্ষরিত এবং প্রতিস্বাক্ষরিত ও ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে প্রাপ্ত গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২. মাতৃত্বজনিত ছুটিকালীন গোপনীয় অনুবেদন প্রযোজ্য নয়। এ ছুটির বিষয়টি সংশ্লিষ্ট ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে।

৩. বিরূপ মন্তব্য প্রদানের পূর্বে বিরূপ মন্তব্য প্রদানকারী কর্মকর্তা কর্তৃক গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালা যথাযথভাবে অনুসরণপূর্বক অনুবেদনাধীন কর্মকর্তাকে অবশ্যই মৌখিক ও লিখিতভাবে সতর্ক করতে হবে এবং সংশ্লিষ্ট ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষকে অনুলিপি প্রেরণপূর্বক অবহিত করতে হবে। বিধি মোতাবেক এরূপ পত্র জারি নিশ্চিত করতে হবে।

৪. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৩.০৩.১৮
শেলিনা খানম
উপসচিব
ফোন- ৯৫৫০৩৯৩
cr3@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,..............................................মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেক্টর, বিপিএটিসি, সাভার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার,.............................................বিভাগ।
৫. মহাপরিচালক,.............................................................................।
৬. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৭. জেলা প্রশাসক,.....................................................।
৮. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিব,.........................................মন্ত্রণালয়/বিভাগ।
৯. সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।